

হেল্পলাইন চালু করল রাজ্য শিশু কমিশন

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: শিশুদের উপর অপরাধের খবর তৎক্ষণাৎ পেতে এবার হেল্পলাইন চালু করল রাজ্য শিশু অধিকার রক্ষা কমিশন। ৯৮৩৬৩০০৩০০ নম্বরে শুধুমাত্র হোয়াটসঅ্যাপ করে অভিযোগ জানানো যাবে। শনিবার মুর্শিদাবাদে বাল্য বিবাহ এবং পকসো নিয়ে কমিশনের এক কর্মশালায় এই হেল্পলাইনের কথা ঘোষণা করেন নারী, শিশু ও সমাজকল্যাণ দপ্তরের মন্ত্রী শশী পাঁজা। এই নম্বরটি ১০ সেপ্টেম্বর থেকে কার্যকর হবে। কমিশন সূত্রে খবর, রাজ্যে শিশুদের উপর অপরাধের অন্ত নেই। কিন্তু তার মধ্যে সবকটি ক্ষেত্রে যে অভিযোগ দায়ের হয়, তা নয়। কমিশনও কিছু ক্ষেত্রে সংবাদমাধ্যম কিংবা অন্য সূত্র মারফত তা জানতে পারে। এবার এই হেল্পলাইন নম্বর চালু করে দ্রুত অপরাধের ব্যাপারে জানতে পারবেন কমিশনের কর্তারা।

১৩/০৯/১৪